**AKASHVANI(Kolkata)**

**Regional News Unit**

**Date: 15-01-2026 Time: 1-30 P.M.**

**<u>বিশেষ বিশেষ খবর –</u>**

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারতের বৈচিত্র্যই গণতন্ত্রের শক্তি হয়ে উঠেছে। # তিনি আজ নতুন দিল্লীতে কমনওয়েলথভুক্ত দেশগুলির আইনসভার অধ্যক্ষদের অধিবেশনের সূচনা করেন।

২/ রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর দু'দিনের পাঞ্জাব ও রাজস্থান সফর আজ শুরু হচ্ছে।

৩/ সারাদেশে আজ ৭৮ তম সেনাদিবস উদযাপন করা হচ্ছে।

# রাষ্ট্রপতি, উপরাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী এই উপলক্ষে সেনাকর্মীদের শুভেচ্ছা জানিয়েছেন।

৪। ইরানে নিরাপত্তা পরিস্থিতির আরো অবনতির ফলে ভারত সরকার, ফের সেদেশে ভ্রমণ না করার জন্য নাগরিকদের পরামর্শ দিয়েছে।

৫/ পুরুষদের অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপ ক্রিকেট আজ শুরু হয়েছে।

*************************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারতের বৈচিত্র্যই গণতন্ত্রের শক্তি হয়ে উঠেছে। স্বাধীনতার প্রাক্কালে এ'বিষয়ে যে আশঙ্কা প্রকাশ করা হয়েছিল ভারত তাকে অমূলক প্রমাণ করেছে। আজ নতুন দিল্লীতে কমনওয়েলথভুক্ত দেশগুলির আইনসভার অধ্যক্ষদের ২৮-তম অধিবেশনের সূচনা করে প্রধানমন্ত্রী বলেন, ভারতের মত বৈচিত্র্যের এই দেশে উন্নয়নের সমস্যা নিয়েও আশঙ্কা ব্যক্ত করা হয়েছিল। কিন্তু সেই আশঙ্কাও অমূলক প্রমাণ করে ভারত বিকাশের শীর্ষে পৌঁছেছে।

( বাইট- প্রধানমন্ত্রী )

অধিবেশনে লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা বলেন, ভারত গণতন্ত্রের মাতৃস্বরূপ। ভারতে দীর্ঘ সময় ধরে সংসদীয় গণতন্ত্রের নতুন ইতিহাস লেখা হয়েছে।

( বাইট-ওম বিড়লা )

৪২টি কমনওয়েলথভুক্ত দেশের ৬১ জন স্পিকার ও প্রিসাইডিং অফিসার এবং চারটি আধা-স্বায়ত্তশাসিত সংসদের প্রতিনিধিরা এতে অংশ নিচ্ছেন। সম্মেলনে সমসাময়িক বিভিন্ন বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হবে। এর মধ্যে রয়েছে— সংসদীয় কার্যক্রমে কৃত্রিম বুদ্ধিমত্তার ব্যবহার, সংসদ সদস্যদের ওপর সামাজিক মাধ্যমের প্রভাব প্রভৃতি।

***********************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল নতুন দিল্লীতে ভারতে স্টার্ট আপের এক দশকের অগ্রগতি বিষয়ে এক অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন। এই অনুষ্ঠানে তিনি বিভিন্ন স্টার্ট আপ সংস্থার প্রতিনিধিদের সঙ্গে আলোচনা করবেন। বিভিন্ন সংস্থার প্রতিনিধিরা ভারতে এক দশকের স্টার্ট আপের অগ্রগতিতে তাঁদের অভিজ্ঞতার কথা জানাবেন। উল্লেখ্য ২০১৬ সালের জানুয়ারী মাসে প্রধানমন্ত্রী দেশে উদ্ভাবন ও উদ্যোগকে উৎসাহ দিয়ে স্টার্ট আপ কর্মসূচীর সূচণা করেন। গত এক দশকে আমাদের দেশে দু'লক্ষের ও বেশী স্টার্ট আপ সংস্থা দেশের অর্থনীতিকে শক্তিশালী করেছে।

***********************************************************************

বৃহন্মুম্বাই নগর নিগম সহ মহারাষ্ট্রে ২৯ টি পুর নিগমের নির্বাচনে আজ সকাল থেকে ভোটগ্রহণ চলছে। সকাল সাড়ে নটা পর্যন্ত বৃহন্মুম্বাই নগর নিগম-এ প্রায় সাত শতাংশ ভোট পড়ার খবর পাওয়া গেছে। নাগপুরেও প্রথম দু'ঘন্টায় সাত শতাংশ ভোট পড়েছে। পারভানিতে নয় দশমিক দুই শতাংশ, অহল্যা নগরে সাত দশমিক ৮/৭ শতাংশ এবং জালনায় ৮ দশমিক ২/4 শতাংশ ভোট পড়েছে।

সারা রাজ্যে ৮৯৩ টি ওয়ার্ডে ৮৬৯ টি আসনের জন্য ভোট গ্রহণ করা হচ্ছে। তিন কোটি ৪৮ লক্ষ ভোটদাতা ১৫ হাজার ৯৩১ জন প্রার্থীর ভাগ্য নির্ধারণ করবেন। বিকেল সাড়ে ৫ টা পর্যন্ত চলবে এই ভোটগ্রহণ। আগামীকাল ভোটের ফলাফল জানা যাবে।

***********************************************************************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর দুদিনের পাঞ্জাব ও রাজস্থান সফর আজ শুরু হচ্ছে। অমৃতসরে গুরুনানকদেব বিশ্ববিদ্যালয়ে সুবর্ণজয়ন্তী সমাবর্তনে তিনি প্রধান অতিথির আসন অলঙ্কৃত করবেন। রাষ্ট্রপতি জলন্ধরের ডক্টর বি আর আম্বেদকার ন্যাশানাল ইনস্টিটিউট অফ টেকনোলজির ২১ তম সমাবর্তনে আগামীকাল এক হাজার ৪৫২ জন ছাত্রছাত্রীকে ডিগ্রি প্রদান করবেন।

এছাড়াও রাষ্ট্রপতি উঁচু একটি স্তম্ভে জাতীয় পতাকা উন্মোচন করবেন। সাইবার নিরাপত্তা এবং ফাইভ জি সংক্রান্ত দুটি উত্কর্ষ কেন্দ্র বা সেন্টার অফ এক্সেলেন্সেরও উদ্বোধন করবেন তিনি।

রাষ্ট্রপতির এই সফর উপলক্ষে অমৃতসর ও জলন্ধরকে নো ফ্লাইং জোন হিসাবে ঘোষণা করা হয়েছে। সমস্ত ড্রোন, হেলিকপ্টার ও উড়ান চলাচল সাময়িকভাবে নিষিদ্ধ করা হয়েছে সেখানে।

ঐদিনই রাজস্থানের জয়পুরে রামানন্দ মিশন আয়োজিত কুন্ডিয়া হনুমান মহা গয়ায় পুজো দেওয়ার কথা রয়েছে তাঁর।

**********************************************************************

৭৮-তম সেনা দিবসের কুচকাওয়াজ আজ জয়পুরে অনুষ্ঠিত হচ্ছে। জগৎপুরার মহল রোডে হাজার হাজার দর্শকের সামনে সেনাবাহিনী তার শৃঙ্খলা, শক্তি এবং আধুনিক সামরিক সক্ষমতা প্রদর্শন করছে। এই অনুষ্ঠানে প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং, রাজস্থানের মুখ্যমন্ত্রী ভজনলাল শর্মা এবং সেনাপ্রধান জেনারেল উপেন্দ্র দ্বিবেদী উপস্থিত রয়েছেন। এই অনুষ্ঠানকে ঘিরে কঠোর নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এই বছরের অনুষ্ঠানের বিশেষ তাৎপর্য হল প্রথমবারের জন্য এই কুচকাওয়াজ প্রথামাফিক ক্যান্টনমেন্ট এলাকার বাইরে অনুষ্ঠিত হচ্ছে।

সেনা দিবস উপলক্ষে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ভারতীয় সেনাবাহিনীকে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমের একটি পোস্টে রাষ্ট্রপতি মুর্মু বলেছেন, ভারতীয় সেনাবাহিনী দেশের ঐক্য, সার্বভৌমত্ব এবং অখণ্ডতা রক্ষায় অবিচল, তারা দেশের সীমান্ত রক্ষার পাশাপাশি এবং দুর্যোগ ও মানবিক সংকটের সময় গুরুত্বপূর্ণ সহায়তা প্রদান করে চলেছে।

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণনও সেনাদিবসে প্রত্যেক সেনাকর্মীকে অভিবাদন জানিয়েছেন। তিনি বলেছেন, তাঁদের নিঃস্বার্থ সেবা এবং আত্মত্যাগ স্মরণীয় হয়ে থাকবে।

সামাজিক মাধ্যমের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, নিঃস্বার্থ সেবার প্রতীক হিসেবে দাঁড়িয়ে, প্রতিকূল পরিস্থিতিতে দেশকে রক্ষাকারী ভারতীয় সেনাবাহিনীর সাহস এবং দৃঢ় অঙ্গীকারকে গোটা দেশ স্যালুট জানায়।

প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিংও সেনাদিবস উপলক্ষে ভারতীয় সেনাবাহিনীর সমস্ত জওয়ানদের শুভেচ্ছা জানিয়ে তাদের অদম্য সাহস এবং আত্মত্যাগের প্রশংসা করেছেন।

**********************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ২৫শে জানুয়ারি আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানের মধ্যে দিয়ে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩০ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধান মন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

মন কি বাত এর জন্যে এ বারেও সাধারণ মানুষের পরামর্শ ,বক্তব্য ও মতামত জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। MyGov Open Forum কিংবা Narendra Modi App-এ লিখিত বার্তা পাঠানো যাবে। টোল ফ্রি নম্বর - 1800-11-7800 মারফতও বার্তা পাঠানো যাবে। আসন্ন পর্বের জন্য চলতি মাসের ২৩ তারিখ পর্যন্ত পরামর্শ গ্রহণ করা হবে।

***********************************************************************

আজকের প্রসঙ্গ অনুষ্ঠানে আজ শুনবেন বিশেষ আলোচনা 'আন্তর্জাতিক প্রেক্ষাপটে ভারতের প্রধানমন্ত্রী'। বিশিষ্ট আইনজীবী দেবজিৎ সরকারের সঙ্গে কথা বলেছেন দিব্য দে। আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত আটটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

***********************************************************************

ভারত, দেশের নাগরিকদের ইরান সফরে না যাওয়ার জন্য পরামর্শ দিয়েছে। সেদেশের নিরাপত্তা পরিস্থিতির অবনতি হওয়ায়, বিদেশমন্ত্রক আজ নতুন করে একটি সাবধানবাণী প্রচার করেছে। বিদেশমন্ত্রক, ইরানে বসবাসকারী ভারতীয় নাগরিক ও বংশোদ্ভূতদের বিক্ষোভস্থলে না যাওয়ার জন্য পরামর্শ দিয়েছে। রেসিডেন্ট ভিসা নিয়ে ইরানে অবস্থানকারী ভারতীয়দের দূতাবাসের সঙ্গে যোগাযোগ রেখে চলার কথা বলে হয়েছে। এর আগে, গতকালই ইরানে ভারতীয় ছাত্রছাত্রী, ব্যবসায়ী বা ভ্রমণকারীদের যে কোনো উপায়ে ইরান ছেড়ে চলে আসার পরামর্শ দেওয়া হয়।

***********************************************************************

ইরানের সাম্প্রতিক পরিস্থিতিতে আকাশসীমা বন্ধ হয়ে যাওয়ায় এয়ার ইন্ডিয়া ঘুরপথে বিমান পরিষেবা প্রদান করছে, যার ফলে এই অঞ্চলের আকাশসীমায় বিমান চলাচলে দেরী হতে পারে বলে জানিয়েছে এয়ার ইন্ডিয়া কর্তৃপক্ষ। সামাজিক মাধ্যমের একটি পোস্টে এয়ার ইন্ডিয়া জানিয়েছে যে যাত্রীদের নিরাপত্তার কথা বিবেচনা করে কিছু ফ্লাইট বাতিল করা হচ্ছে যেখানে বর্তমানে রুট পরিবর্তন করা সম্ভব নয়। পাশাপাশি বিমান সংস্থাটি যাত্রীদের বিমানবন্দরে যাওয়ার আগে এয়ার ইন্ডিয়ার ওয়েবসাইটে তাদের বিমানের সাম্প্রতিক অবস্থা দেখার জন্য অনুরোধ করেছে।

*********************************************************************

জাপানের বিদেশমন্ত্রী তোশিমিতশু মোতেগি আজ ৩ দিনের ভারত সফরে আসছেন। ভারতের বিদেশমন্ত্রক জানিয়েছে, জাপানের বিদেশমন্ত্রী আজ নতুন দিল্লিতে আসবেন। এরপর আগামীকাল হায়দ্রাবাদ হাউসে বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্করের সঙ্গে বৈঠক করবেন তিনি। পরে ১৭ জানুয়ারি, শনিবার, তিনি দিল্লির রাজ ঘাট পরিদর্শন করবেন ও তারপর দিল্লি মেট্রোয় সফর করবেন। এরপর ওইদিনই তিনি দিল্লি থেকে জাপানের উদ্দেশ্যে রওনা দেবেন। দক্ষিণ আফ্রিকার জোহানেসবার্গে জি-টোয়েন্টি শীর্ষ সম্মেলনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে জাপানের প্রধানমন্ত্রী সানে তাকাইচির বৈঠকের পরেই এই সফর বিশেষ তাৎপর্যপূর্ণ।

*********************************************************************

৭৫ টি দেশের নাগরিকদের মার্কিন যুক্তরাষ্ট্রে প্রবেশের জন্য ভিসা অনুমোদনের ওপর অনির্দিষ্টকালীন স্থগিতাদেশ দিল ট্রাম্প প্রশাসন। মার্কিন স্টেট ডিপার্টমেন্টের মতে, বিদেশি নাগরিকদের ক্রমাগত ভিসা প্রদান দেশের সুরক্ষা ও কল্যাণমূলক প্রকল্পের যথাযথ বাস্তবায়নে বাধার সৃষ্টি করছে। এই সিদ্ধান্ত ২১ শে জানুয়ারি থেকে কার্যকর হবে।

*********************************************************************

কয়লা পাচার কাণ্ডে তৃণমূল কংগ্রেসের পরামর্শদাতা সংস্থা আইপ্যাকের সল্টলেকের অফিস ও এর কর্ণধার প্রতীক জৈনের লাউডন স্ট্রীটের বাড়িতে ইডির তল্লাশিতে মুখ্যমন্ত্রীর বাধাদানের মামলার শুনানি, সুপ্রিম কোর্টে শুরু হয়েছে। এদিন বিচারপতি প্রশান্ত কুমার মিশ্র ও বিপুল এম পাঞ্চোলি-র বেঞ্চে ইডির তরফে সওয়াল করছেন সলিসিটার জেনারেল তুষার মেহেতা। তিনি বলেন, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, তল্লাশি অভিযানে গিয়ে বাধা দিয়েছেন।

*********************************************************************

কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রী গজেন্দ্র সিং শেখওয়াত আজ কলকাতায় একাধিক অনুষ্ঠানে যোগ দিচ্ছেন। সকালে পূর্বাঞ্চল সংস্কৃতি পরিষদ- EZCC-তে নব নির্মিত রঙ্গমঞ্চের উদ্বোধনের পর তিনি মৌলানা আবুল কালাম আজাদ ইন্সটিটিউট অফ এশিয়ান স্টাডীজ-এ একটি বই প্রকাশ অনুষ্ঠানে যোগ দিচ্ছেন। এশিয়াটিক সোসাইটি-র ২৪৩ তম প্রতিষ্ঠা দিবসের উদ্‌যাপনে অংশ নেবেন তিনি।

*********************************************************************

পুরুষদের অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপ ক্রিকেট আজ শুরু হয়েছে। এবারের আয়োজক দেশ জিম্বাবোয়ে ও নামিবিয়া। আজ উদ্বোধনী ম্যাচে ভারত মার্কিন যুক্তরাষ্ট্রের মুখোমুখি হবে। বুলাওয়ায়োর কুইন্স স্পোর্টস ক্লাবে খেলা শুরু হয়েছে ভারতীয় সময় দুপুর একটায়।

*********************************************************************